ভোরের কাগজ

তারিখ ...2 0 APR 1998 ...
পৃষ্ঠা 7 কলাম ৬....

### নড়িয়া কলেজের রজতজয়ন্তীতে রাষ্ট্রপতি

# বারবার সাবধান করা সত্ত্বেও শিক্ষাঙ্গনে অরাজকতা কমেনি

রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদ বলেছেন, তিনি শিক্ষাপ্রতিষ্ঠানগুলোয় বিদ্যমান অস্থিতিশীল পরিস্থিতি সম্পর্কে বারবার রাজনৈতিক দল ও সংশ্লিষ্টদের প্রতি সাবধানবাণী উচ্চারণ ও এর প্রতিকার বাৎলে দেওয়া সত্ত্বেও এখনো এ পরিস্থিতির উন্নতির কোনো লক্ষণ নেই। তিনি বলেন, ছাত্র নামধারী কতিপয় তরুণ সন্ত্রাস, ছিনতাই, নাশকতা, অস্ত্র প্রতিযোগিতা, খুন ইত্যাদি কর্মে লিপ্ত থেকে সমগ্র ছাত্রসমাজের ভাবমূর্তি কালিমালিপ্ত করছে। শরিয়তপুরের নড়িয়া সরকারি কলেজের রজতজয়ন্তী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠান উদ্বোধনকালে রাষ্ট্রপতি গতকাল এ কথা বলেন। বাসস।

রাষ্ট্রপতি বলেন, শিক্ষাঙ্গনে বিরাজমান অসন্তোষ সেশন জট সৃষ্টির জন্য দায়ী। এই সেশন জটের কারণেই শিক্ষার্থীদের জীবনের মূল্যবান অপচয় হচ্ছে। তিনি বিভিন্ন শিক্ষা বোর্ডের বিরুদ্ধে নানা ধরনের অভিযোগের উল্লেখ করে যথাযথ শিক্ষার স্বার্থে কেন্দ্রীয়ভাবে পরীক্ষা পদ্ধতি চালু করার পাশাপাশি শিক্ষা ব্যবস্থাপনা পদ্ধতিতে দ্রুত সংস্কার ও পরিবর্তনের প্রয়োজনের ওপর জোর দেন।

রাষ্ট্রপতি বলেন, সাধারণ ছাত্রসমাজ এবং জনগণ শিক্ষাঙ্গনের অভ্যন্তরে এ ধরনের বিপজ্জনক পরিস্থিতির কথা কখনো চিন্তা করেনি। তিনি বলেন, দুঃখজনক হলেও সত্যি, এসব অপরাধী কোনো রাজনৈতিক দল অথবা অন্য কারো ছত্রছায়ায় তাদের অপকর্ম চালিয়ে যাচ্ছে। তিনি আরো বলেন, এ ধরনের পরিস্থিতি চলতে থাকলে জাতি অন্ধকারে ডুবে যাবে।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন পানিসম্পদমন্ত্রী আবদুর রাজ্জাক, কর্নেল (অবঃ) শওকত আলী এমপি এবং কলেজ অধ্যক্ষ অধ্যাপক মুহাম্মদ আবদুল মমিন মিঞা। মুক্তিযুদ্ধের পর ১৯৭২ সালে কর্নেল (অবঃ) শওকত আলীর নেতৃত্বে নড়িয়া থানার মুক্তিযোদ্ধারা কলেজটি প্রতিষ্ঠা করেন।